# ২০২৪
# বাংলা
(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

**পঞ্চম সেমেস্টার**

**কোর্স কোড : BNGH-CC-T-12**

**(নাটকের রূপরেখা, বঙ্গ রঙ্গমঞ্চ ও বাংলা নাটক)**

**[ নতুন পাঠক্রম ]**

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) প্রহসনের দুটি বৈশিষ্ট্য লেখো।

খ) পথনাটক কাকে বলে?

গ) নাট্যকারের নাম সহ দুটি প্রখ্যাত বাংলা ঐতিহাসিক নাটকের নাম লেখো।

ঘ) দুটি মঞ্চসফল বাংলা সামাজিক নাটকের নাম লেখো।

ঙ) লেবেডফের নাট্যশালার নাম কী ছিল? প্রথম কবে এখানে বাংলা নাটক অভিনয় হয়?

চ) জোড়াসাঁকো নাট্যশালা কত সালে প্রতিষ্ঠিত হয়েছিল? এর মূল উদ্যোক্তা কে ছিলেন?

*[পরপৃষ্ঠায়]*

ছ) নবীন বসুর নাট্যশালা কলকাতার কোথায় ছিল? কত সালে সেখানে প্রথম অভিনয় হয়?

জ) ন্যাশনাল থিয়েটারের দুজন প্রখ্যাত অভিনেতার নাম লেখো।

ঝ) নীলদর্পণ নাটকে গ্রামের মেয়েরা 'মাচেরটক সাহেব' কাকে বলেছে? যে কোন একজন প্রতিবাদী নারী চরিত্রের নাম লেখো।

ঞ) নীলদর্পণ নাটকে উল্লেখিত নীল কুঠি কোথায় অবস্থিত?

ট) নীলদর্পণ নাটক কে, কী নামে ইংরেজি ভাষায় অনুবাদ করেন?

ঠ) 'রথের রশি' নাটকে মন্ত্রী কাদের বলেছেন 'মহাকালের বাহন'? কখন বলেছেন?

ড) 'রথের রশি' নাটকে কে কাদের কেন বেনে বলেছেন?

ঢ) 'এযুগে পুষ্পধনুর ছিলেটাও
বেনের টানেই দেয় মিঠে সুরে টংকার' — সংলাপটি কার? কার প্রতি করা হয়েছে?

ণ) শেষ পর্যন্ত রথ কাদের টানে সচল হল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) একাঙ্ক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো।

খ) প্রহসন ও কমেডির পার্থক্য বিচার করে একটি করে বাংলা প্রহসন ও কমেডির নাম লেখো।

গ) ন্যাশনাল থিয়েটারের অভিনয় সম্পর্কে লেখো।

ঘ) নীলদর্পণ নাটকে ভদ্রশ্রেণির চরিত্রের সংলাপ শিল্পসম্মত হয়েছে কিনা ব্যাখ্যা করো।

ঙ) 'ঠাকুরপো, আমি সহমরণে যাই, আমারে বাধা দিও না' — কে বলেছে? কাকে বলেছে? কেন বলেছে?



চ) 'দেখতে পাচ্ছ না — আজ ধনীর আছে ধন
তার মূল্য গেছে ফাঁক হয়ে গজভুক্ত কপিত্থের মতো।'
বক্তব্যটি ব্যাখ্যা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) পৌরাণিক নাটকের সংজ্ঞা দাও ও বৈশিষ্ট্যগুলি লেখো। একটি বিখ্যাত পৌরাণিক নাটক সম্পর্কে আলোচনা করো। ২+৪+৪

খ) বাংলা নাট্যশালার ইতিহাসে বেলগাছিয়া নাট্যশালার গুরুত্ব নির্ণয় করো।

গ) 'নীলদর্পণ' নাটকটি তোমার মতে ট্র্যাজেডি না মেলোড্রামা বক্তব্যের সপক্ষে যুক্তি দাও।

ঘ) 'রথের রশি' নাটকে গ্রামের নারী ও সাধারণ মানুষের চরিত্র কীভাবে চিত্রিত করা হয়েছে?

———